# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

1969 to 2029 ECHO OF HIS CALL SINCE 1969

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVIII | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2026 MARCH | No 02

## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৪: ১-৮

১। হে আমার ধার্মিক ঈশ্বর, আমি ডাকলে আমাকে উত্তর দিও। সঙ্কটে আমায় অব্যাহতি দিও; আমার প্রতি দয়া করো ও আমার প্রার্থনা শোনো।

২। হে মনুষ্যগণ, কত কাল আমার সম্মান অপমানে পরিণত করবে? আর কত কাল তোমরা অলীকতা ভালোবাসবে ও ভুয়ো দেবতার সন্ধান করবে।

৩। জানো যে সদাপ্রভু তাঁর বিশ্বস্ত ভক্তদের নিজের জন্য পৃথক করে রেখেছেন, আমি ডাকলেই সদাপ্রভু আমার কথা শোনেন।

৪। কম্পিত হও কিন্তু পাপ কোরো না; যখন নিজের বিছানায় শুয়ে থাকো, নিজের হৃদয় অনুসন্ধান করো ও নীরব থাকো।

৫। ধার্মিকতার বলি উৎসর্গ করো এবং সদাপ্রভুতে বিশ্বাস করো।

৬। সদাপ্রভু, অনেক প্রশ্ন করছে, "কে আমাদের উন্নতি ঘটাবে?" তোমার মুখের জ্যোতি আমাদের উপর উজ্জ্বল হোক।

৭। তুমি আমার হৃদয় আনন্দে পূর্ণ করেছো তাদের ফসল ও নতুন দ্রাক্ষারসের প্রাচুর্য থেকেও।

৮। শান্তিতের আমি শুয়ে থাকব ও ঘুমাব,কারণ একমাত্র তুমিই, হে সদাপ্রভু, আমায় নিরাপদে বাস করতে দিয়েছ।

## ঈশ্বরের উপস্থিতির মধ্যে আপনি আশীর্ব্বাদযুক্ত শান্তি লাভ করবেন !

YOU WILL HAVE BLESSED PEACE IN GOD'S PRESENCE!

(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.আঞ্জেলীন সেলভাকুমারী)

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মূল্যবান নামে আমাদের বৃহত্তর **তাঁর আহ্বানের প্রতিধ্বনি** পরিবারের প্রতি শুভেচ্ছা জানাই!



যেহেতু আমরা এ মাসে আন্তর্জাতিক মহিলা দিবস উদযাপন করছি, সেহেতু আমি আমাদের সমস্ত অপূর্ব মহিলা পাঠকদের জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও আশীর্ব্বাদ। আপনি উত্তম স্বাস্থ্য, নবায়িত শক্তি, এবং অনুগ্রহের উপচয় উপভোগ করুন। আমার প্রার্থনা হচ্ছে যে ঈশ্বর আমাদের বাইবেলে ঈশ্বরের বাক্যে চিত্রিত বুদ্ধিমতী মহিলাদের মতো হতে আমাদের অবিরত সাহায্য করুন- সেই মহিলাদের মতো যারা তাদের ঘরগুলি গড়ে তোলে, তাদের পরিবারকে লালন-পালন করে, এবং একটি জগতে আলোর মতো উজ্জ্বল হয় যার জন্য ভীষণভাবে তাঁর প্রেমের প্রয়োজন। আসুন আমরা জ্ঞানে চলাফেরা করি। মর্যাদাপূর্ণ ও শক্তিশালী পোশাক পরিধান করি, এবং আমরা যা কিছু করি তার মধ্যে দিয়ে খ্রীষ্টের সৌন্দর্য প্রতিফলিত করি।

### বিশ্রামের উপহার: আমাদের জীবনের জন্য ঈশ্বর পরিকল্পনা করেছেন !

আমি যখন মহিলাদের বহুমুখী অবিশ্বাস্য সক্ষমতার বিষয় গভীরভাবে আলোচনা করছি, তখন আমার চিন্তাগুলি আমার মা এবং ঠাকুমার কথাগুলো মনে পড়ছে-দুজন উল্লেখযোগ্য স্ত্রীলোক যারা অক্লান্তভাবে কাজ

(ক্রমশঃ, ৩পাতায়)

তাঁর আহ্বানের প্রতিধ্বনি

ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল !



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

Message & Prayer in 5 minutes!!

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী !!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)

Estd. 1969



## from your dearly beloved brother...



" সদাপ্রভু এমন করবেন যাতে তোমরা সকলের মাথার উপরে থাকো, পায়ের তলায় নয়" - (দ্বি.বি. ২৮:১৩)।

প্রভু যীশু খ্রীষ্টে প্রিয় ভাই ও বোনেরা,

আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের মহামূল্যবান নামে আপনাদের প্রীতি ও শুভেচ্ছা জনাই।

এ বছর ২০২৬ সালে, ঈশ্বর আমাদের অনুগ্রহপূর্ণভাবে মার্চ মাসে প্রবেশ করতে সক্ষম করেছেন।

গত মাসটা প্রচণ্ড কঠোর এবং চ্যালেঞ্জীং হলেও, তাঁর অনুগ্রহ সর্বদা আমাদের পক্ষে যথেষ্ট থেকেছে - আর এটি প্রতিনিয়ত আমাদের সঙ্গে থাকবে।

প্রভু আমাদের সমর্পিত শিক্ষক এবং অশিক্ষক কর্মী দল দ্বারা আশীর্বাদ করেছেন। আমরা ৩০শে জানুয়ারী আমাদের ২৮তম ক্রীড়া দিবসের আয়োজন করেছিলাম।




*সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল - ক্রীড়া দিবস*

ডঃ প্রেমচাঁদ আমাদের প্রধান অতিথি ছিলেন, এবং সারাটা দিন আবেগপ্রবণ ক্রীড়া কার্যকলাপে পরিপূর্ণ ছিল। অনেক অভিভাবকরা আমাদের সঙ্গে যোগদান করেছিলেন, আমাদের শিশুদের উৎসাহিত করছিলেন যখন তারা তাদের অসাধারণ প্রতিভা এবং শৃঙ্খলা প্রদর্শন করছিল।

আমাদের দেশের এবং পৃথিবীর জন্য দায়িত্বশীল নাগরিক গড়ে তুলতে আমাদের সক্ষম করার জন্য আমরা ঈশ্বরের কাছে কৃতজ্ঞ। আমাদের শিক্ষার্থীরা এখন ২০২৬ সালের এপ্রিল মাসে সরকারী



আমাদের প্রধান মণ্ডলীর পুরুষদের রিট্রিট — যোশুয়া ওয়ারিয়র্স টীম

### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.

EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ▢ BIBLECOR - Postal Courses (3 languages) ▢ YouTube Ministry ▢ Online Courses ▢ Theological Correspondence Courses (2 languages) ▢ Church Planting ▢ Nehemiah Bible Colleges ▢ Gospel Printing Press ▢ Great Commission Partners ▢ St. Paul's Matriculation School ▢ Crusades ▢ Community Development

ঈশ্বরের কাছে কৃতজ্ঞ। আমাদের শিক্ষার্থীরা এখন ২০২৬ সালের এপ্রিল মাসে সরকারী পরীক্ষার নির্ধারিত সময়ের জন্য প্রস্তুত হচ্ছে। আমরা আমাদের গ্রামীন ইংরাজী মাধ্যম উচ্চ বিদ্যালয়ের (সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন হাইস্কুল) জন্য আরও সমর্পিত শিক্ষক এবং কর্মীদের জন্য আপনাদের আন্তরিক প্রার্থনা কামনা করি।

আমরা যোশুয়া ওয়ারিয়র্সের অধীনে আমাদের প্রধান মণ্ডলীর পুরুষদের জন্য একটি একদিনের অপূর্ব রিট্রিটের আয়োজন করেছিলাম। গত ২৬শে জানুয়ারী, সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত প্রায় ৭০ জন বিশ্বাসী উক্ত সভায় যোগদান করেছিলেন। যারা এই সভায় যোগদান করেছিলেন প্রভু তাদের উপর তাঁর শক্তি বর্ষণ করেছিলেন এবং তাদের প্রত্যেকে ঈশ্বরের বিশেষ স্পর্শ লাভ করেছিলেন।

প্রভু ভীষণভাবে আমাদের বক্তাদের দ্বারা আশীর্ব্বাদযুক্ত করেছেন, এবং অংশগ্রহণকারীরা নবায়িত দর্শন এবং সারা ভারতে সুসমাচার পৌঁছে দেওয়ার প্রতিশ্রুতিবদ্ধতা নিয়ে ঘরে ফিরেছিলেন।

আমরা খুব শীঘ্রই একই রকমের পরিবার শিবিরের আয়োজন করার পরিকল্পনা করছি। সঠিক সময়, স্থান এবং বক্তাদের মনোনীত করার বিষয় ঈশ্বরের পরিচালনার জন্য অনুগ্রহ করে প্রার্থনা করুন।

## আমাদের অন্যান্য পরিচর্যাগুলি:

নহিমিয় বাইবেল কলেজের পরবর্তী গ্রাজুয়েশন অনুষ্ঠানটি ২০২৬ সালের ৪ঠা জুলাই তারিখে নির্ধারিত করা হয়েছে। পরবর্তী শিক্ষবর্ষের ক্লাস শুরু হবে জুন মাসের প্রথম সপ্তাহে।

অনুগ্রহ করে প্রার্থনা করুন যাতে প্রভু আমাদের কলেজগুলির জন্য সমর্পিত শিক্ষার্থীদের পাঠিয়ে দেন।

- **ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা**
- **ঈশ্‌তত্ত্বে ব্যাচেলার**

এই কার্যক্রমগুলি তামিল, ইংরাজী ও হিন্দি ভাষায় সুপ্রাপ্য। এছাড়াও আমরা আমাদের শিক্ষকদের এবং প্রশাসনিক কর্মী সদস্যদের উৎসর্গিত জীবনের জন্য প্রার্থনার অনুরোধ জানাচ্ছি।

আমরা আমাদের মিশনক্ষেত্রগুলির এবং প্রশাসনিক বিভাগের সমস্ত কর্মীদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাই।

আমরা আপনার জন্য অবিরত প্রার্থনা করি, এবং আমরা আমাদের পরিচর্যাগুলির জন্য আপনাদের প্রার্থনা এবং সাহায্য কামনা করি।

ঈশ্বরের অনুগ্রহ আপনাদের সকলের সহবর্তী হোক।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ, ১ পাতার পর)

আমার মা এবং ঠাকুমার কথাগুলো মনে পড়ছে-দুজন উল্লেখযোগ্য স্ত্রীলোক যারা অক্লান্তভাবে কাজ করেছিলেন, তাদের পরিবারগুলোর এবং বাবার পরিচর্যা কাজগুলোর সাহায্যের জন্য তাদের কোনও বিরাম ছিল না। তাদের এই সমর্পিত জীবন আমাকে প্রকৃতভাবে বিশ্রামের প্রয়োজন কত গুরুত্বপূর্ণ সেই বিষয়ে আমাকে একটি স্পষ্ট উপলব্ধির দিকে চালিত করেছিল।

যদিও প্রাথমিকভাবে আমি মহিলাদের বিষয় আলোচনা করছি, পুরুষরাও বিশ্রামের ধারণাটির বিষয়ে সংগ্রাম করেন। তারা তাদের পরিবারগুলির জোগানের জন্য অধ্যবসায়ের সঙ্গে পরিশ্রম করে যখন তারা অসংখ্য কাজের মধ্যে এবং ঘরের দায়িত্বগুলোর পালনের মধ্যে ব্যস্ত হয়ে থাকে। আজকের এই দ্রুতগতি সম্পন্ন "ছুটে চলার" জগতে বাস করে, তখন বিশ্রামকে মনে হয় বিলাসীতা যা কেউ প্রয়াস করতে পারে না। এমনকি আমাদের শিশু সন্তানরাও বিদ্যালয়ের কাজের সঙ্গে, অতিরিক্ত ক্লাসের বিষয়ে, এবং অবিরত পরীক্ষার চাপে বিহ্বল হয়ে যায়।

তথাপি পবিত্র শাস্ত্র একটি শক্তিশালী সত্য প্রকাশ করে: **ছয়দিন সৃষ্টির কাজে ব্যস্ত থাকার পর সপ্তম দিন স্বয়ং ঈশ্বর বিশ্রাম গ্রহণ করলেন** (আদি ২:২)। যদি এই বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্তা বিশ্রামের বিষয়টিকে বেছে নেন, তাহলে আমাদের জন্য এটি আরও কত অধিক প্রয়োজনীয়? তথাপি আমাদের মধ্যে অনেকে মনে করেন কাজের জন্য দিনের কতগুলো ঘণ্টা যথেষ্ট নয়। ঘরের, কাজের এবং পরিচর্যার দাবীগুলো কঠোর মনে হতে পারে। আমি প্রায় লোকদের বলতে শুনেছি, "ঈশ্বরের পক্ষে বিশ্রাম নেওয়া সহজ — তিনি ঈশ্বর। আমার কাজ কখনও শেষ হয় না।" যদিও এই মনোভাব বোধগম্য, আমাদের অবশ্যই এটি মনে রাখতে হবে: ঈশ্বর পরিকল্পিত বিশ্রাম যেন আমাদের জীবনের একটি অংশ হয়।

অনেক সময়, আমরা তাঁর পরিকল্পনা থেকে দূরে চলে যাই। আজ আমরা আমাদের ঘুম ত্যাগ করি, খাবার খাই না এবং মুণ্ডহীন মুরগীর মতো উদ্দামভাবে নিজেকে ছুটাই-জীবনের দাবিগুলোকে ধরার চেষ্টা করি। কিন্তু ঈশ্বর আমাদের তাঁর অনুগ্রহের ছন্দের মধ্যে ফিরে আসার জন্য আহ্বান করছেন। বিশ্রামের অর্থ অলসতা নয়: এটি হচ্ছে বাধ্যতা। এটি হচ্ছে বিশ্বাসের একটি কাজ, "প্রভু, আমি বিশ্বাস করি তুমি নিয়ন্ত্রণের মধ্যে আছো -এমনকি যখন আমি নিয়ন্ত্রণের মধ্যে থাকা বন্ধ করি তখনও।"

আসুন, আবিষ্কার করা যাক বিশ্রাম সম্পর্কে বাইবেল আমাদের কী শিক্ষা দেয় এবং আমাদের কেন এটি গ্রহণ করতে এতো কষ্ট হয়। আমরা কি বিরাম নিতে, শ্বাস নিতে, এবং তাঁর উপস্থিতির মধ্যে নবায়ন খুঁজে পেতে শিখবো - **কারণ আমরা তাঁর উপস্থিতির মধ্যে আমাদের প্রাণের জন্য প্রকৃত বিশ্রাম খুঁজে পাই** (মথি ১১:২৮)।

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

## বিশ্রামের শক্তি:

### ১। বিশ্রাম হচ্ছে আমাদের জীবনের জন্য ঈশ্বরের ছন্দ !

**"সপ্তম দিনে এসে ঈশ্বর তাঁর সব কাজকর্ম সমাপ্ত করলেন; তাই সপ্তম দিনে তিনি তাঁর সব কাজ থেকে বিশ্রাম নিলেন। আর ঈশ্বর সপ্তম দিনকে আশীর্ব্বাদ করে সেটিকে পবিত্র করলেন, কারণ এই দিনেই তিনি তাঁর সব সৃষ্টিকর্ম সম্পূর্ণ করে বিশ্রাম নিয়েছিলেন"** (আদি ২:২-৩)।

ঈশ্বর উপহার হিসাবে বিশ্রামবার সৃষ্টি করেছিলেন। বিশ্রাম আরাধনার একটি কাজ - তাঁর কাছে আসার একটি পবিত্র সময়, এই দিন তাঁর বাক্য পাঠ, ধ্যান, প্রার্থনা, এবং তাঁর উপস্থিতি উপভোগ করা। আমরা যখন তাঁর মধ্যে বিশ্রাম নিই, তখন আমরা শারীরিকভাবে, মানসিকভাবে, আবেগগতভাবে, এবং আত্মিকভাবে নবায়িত হই।

আমরা যদি বিশ্রামগ্রহণের বিষয়টিকে অবহেলা করি, তাহলে আমরা স্পষ্টতই পরিশ্রান্ত হয়ে যাবো। ঈশ্বর ক্লান্ত ছিলেন বলে বিশ্রাম গ্রহণ করেননি, কিন্তু তিনি আমাদের জন্য একটি ছন্দ প্রতিষ্ঠিত করেছিলেন যাতে আমরাও তা অনুসরণ করি। বিশ্রাম ঐচ্ছিক বিষয় নয়; এটি জীবনের জন্য ঈশ্বরের এক স্বর্গীয় পরিকল্পনা।

### ২। বিশ্রাম হচ্ছে প্রস্তুতি, কেবল পুনরুদ্ধার নয় !

যখন বিশ্রামকে উপেক্ষা করা হয়, তখন তা আর একটি সক্রিয় অনুশীলন থাকে না; বরং ক্লান্তি থেকে সামলে ওঠার জন্য এক মরিয়া প্রচেষ্টায় পরিণত হয়। যীশু খ্রীষ্ট এই নীতিটি স্পষ্টভাবে বুঝতেন। তিনি প্রায়ই নিভৃত স্থানে সরে যেতেন প্রার্থনা করার জন্য, যাতে সেবাকাজের চাহিদায় সম্পূর্ণভাবে বিহ্বল হওয়ার আগেই নিজেকে প্রস্তুত করতে পারেন।

**"পরদিন খুব ভোরে, রাত পোহাবার অনেক আগে, যীশু উঠে পড়লেন এবং বাড়ি ছেড়ে এক নির্জন স্থানে গিয়ে প্রার্থনা করতে শুরু করলেন"** (মার্ক ১:৩৫)।

**"কিন্তু যীশু কোনও না কোনও নির্জন স্থানে গিয়ে প্রার্থনা করতেন"** (লূক ৫:১৬)।

পিতার সঙ্গে যীশুর সময় ছিল উদ্দেশ্যপূর্ণ ও পূর্বনির্ধারিত। তিনি জানতেন যে ঈশ্বরের সঙ্গে নিয়মিত সংযোগের থেকেই শক্তি প্রবাহিত হয়।

## মানসিক অবসাদ: বিশ্রাম উপেক্ষার মূল্য

বিশ্রামের অভাব মানসিক অবসাদের দিকে চালিত করে—আজকের দিনে আমাদের মধ্যে অনেকে এই সংগ্রামের সম্মুখীন হই। আমরা যখন ঈশ্বরের বিশ্রামের ছন্দকে উপেক্ষা করি, তখন আমরা শারীরিক, আবেগগতভাবে, এবং আত্মিকভাবে নিঃশেষ হয়ে যাই। আর যখন আমরা অবসাদগ্রস্ত হই, তখন আমরা ঈশ্বরের রাজ্যের কাজ কার্যকরীরূপে করতে পারি না।

বিশ্রাম স্বার্থপরতা নয়; এটি আমাদের জীবনের ধন্যাধ্যক্ষতা এবং "আহ্বান" যা ঈশ্বর আমাদের উপর অর্পণ করেছেন। রাতারাতি কেউ অবসাদগ্রস্ত হয় না - এটি ধীরে ধীরে হামাগুড়ি দিয়ে ভেতরে প্রবেশ করে যখন আমরা প্রাধান্যগুলিকে ভুল জায়গায় রাখি, পরিচিতিকে ভুল জায়গায় রাখি, এবং আমাদের জীবনের নিয়ন্ত্রণ নেওয়ার জন্য সমাজকে ভুল জায়গায় রাখি। আসুন আমরা এই দিকগুলোকে পরীক্ষা করি এবং দেখি নবায়িত হওয়ার জন্য ঈশ্বর আমাদের তাঁর পরিকল্পনার কাছে ফিরে আসার জন্য কত প্রেমপূর্ণভাবে আহ্বান করেন।

### ১। ভুল প্রাধান্যগুলি !

আমরা যখন আমাদের সামর্থ্যের চেয়ে বেশি দায়িত্ব নিয়ে ফেলি, তখন প্রায়ই ক্লান্তি ও অবসাদ শুরু হয়। সবকিছুই গুরুত্বপূর্ণ মনে হয় বলে আমরা সবকিছুকেই "হ্যাঁ" বলি। কিন্তু প্রজ্ঞা আমাদের শেখায় প্রাধান্য নির্ধারণ করতে। "না" বলতে শেখা স্বার্থপরতা নয়— এটি প্রয়োজনীয়।

এমনকি যীশু খ্রীষ্টও ভারসাম্যের প্রয়োজনীয়তা স্বীকার করেছিলেন।

অনেক লোকের আসা-যাওয়ার কারণে তাঁদের খাওয়ারও সময় হচ্ছিল না। তখন তিনি তাঁদের বললেন, **"তোমরা আমার সঙ্গে কোনো নির্জন স্থানে চলো ও সেখানেই কিছু সময় বিশ্রাম করো"** (মথি ৬:৩১)।

লূক ১০ অধ্যায়ে আমরা দেখি, যীশু খ্রীষ্ট মার্থা ও মরিয়মের বাড়িতে গিয়েছিলেন। মার্থা তাঁকে এবং তাঁর শিষ্যদের আন্তরিকভাবে স্বাগত জানালেন এবং অতিথিদের সেবা করতে গিয়ে স্বাভাবিকভাবেই খুব ব্যস্ত হয়ে পড়লেন। যারা বিশ্বস্ততার সঙ্গে সেবা করেন— যেমন আমাদের গির্জার আতিথ্য দলের সদস্যরা — তাদের জন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ জানাই। কিন্তু যখন মার্থা নানা কাজে উদ্বিগ্ন ও ব্যস্ত হয়ে পড়েছিলেন, তখন মরিয়ম যীশুর চরণে বসে তাঁর কথা শোনার বিষয়টি বেছে নিয়েছিলেন।

মার্থা "হ্যাঁ" বলেছিলেন, কিন্তু এখন তিনি তাঁর দায়িত্বের ভারে ক্লান্ত হয়ে পড়েছিলেন। আমাদের মধ্যে কতজন এর সঙ্গে নিজেকে মিলিয়ে নিতে পারি? আমরা ভালো উদ্দেশ্য নিয়ে "হ্যাঁ" বলি, কিন্তু পরে মানসিক চাপ ও ক্লান্তি অনুভব করি।

যীশু খ্রীষ্ট স্নেহের সঙ্গে তাকে সংশোধন করলেন:

**"মার্থা, মার্থা, তুমি অনেক বিষয়ে উদ্বিগ্ন, আর বিচলিত হয়ে পড়েছ। কিন্তু প্রয়োজন একটিমাত্র**

(ক্রমশঃ, ৮ পাতায়)

**Statement about ownership and other particulars about the Newspaper Echo of His Call (Bengali) - Form IV**
**(See Rule 8)**

| | | |
|---|---|---|
| 1. Place of Publication | : | **New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai - 600 005.** |
| 2. Periodicity | : | **Monthly** |
| 3. Printer, Editor, Owner & Publisher | : | **S. Sam Selva Raj** (Same Address) |
| 4. Nationality | : | **Indian** |

I, **S. Sam Selva Raj** hereby declare that the particulars given above are true to the best of my knowledge and belief.

March 2026 S. Sam Selva Raj.

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে ফেব্রুয়ারী থেকে ১৮ই মার্চ ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**মার্চ ১৯ :** আমাদের প্রার্থনার অংশীদার, সাবস্ক্রাইবিং অংশিদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার, অনুরোধের অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২০:** ২৪শে জানুয়ারী নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের জন্য মহাবলীপুরমে অনুষ্ঠিত বিশেষ সভার উপর তাঁর অনুগ্রহপূর্ণ আশীর্বাদের জন্য।

**দিন ২১:** আমাদের সকল সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারবর্গের উপর তাঁর আশীর্বাদের জন্য।

**দিন ২২:** আমাদের গ্লোবাল ভিশন ফর ইয়ুথ এবং কিড কেয়ার পরিচর্যার উপর তাঁর অব্যাহত অনুগ্রহের জন্য।

**দিন ২৩:** সেন্টপল'স ম্যাট্রিকুলেশন স্কুলের উপর তাঁর আশীর্বাদ, বিশেষত আমাদের নিবেদিতপ্রাণ খ্রীষ্টীয় শিক্ষকবৃন্দ এবং একজন প্রতিশ্রুতিবদ্ধ প্রধান শিক্ষক দান করার জন্য।

**দিন ২৪:** আমাদের মিশনারী কর্মীদের অটল প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৫:** আমাদের রাজ্য সমন্বয়কারীদের এবং তাদের পরিবারবর্গের উপর ঈশ্বরের আশীর্বাদের জন্য।

**দিন ২৬:** বিভিন্ন পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার প্রচারে আমাদের সিনিয়ার পাস্টরের বিশ্বস্ত নিবেদনের জন্য।

**দিন ২৭:** আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজের এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে নিরাপত্তার জন্য।

**দিন ২৮:** আমাদের বাইবেলকোর-ডাকযোগে বাইবেল পাঠক্রম এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের বৃদ্ধির জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**দিন ২৯:** রাজনৈতিক ও ধর্মীয় বিরোধিতার মাঝেও আমাদের খ্রীষ্টিয় পরিচর্যাগুলির বৃদ্ধি ও শক্তিশালী হওয়া।

**দিন ৩০:** ১৯৬৯ সাল থেকে বিশ্বস্ততার সঙ্গে পরিচালিত আমাদের পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের অব্যাহত অঙ্গীকারের উপর তাঁর অনুগ্রহের জন্য।

**দিন ৩১:** আমাদের গির্জায় যুক্ত হওয়া নতুন বিশ্বাসীদের উপর ঈশ্বরীয় অনুগ্রহ, যেন তারা বিশ্বাস ও প্রজ্ঞায় ক্রমাগত বৃদ্ধি পায়।

**এপ্রিল ০১:** গতমাসে আমাদের সমস্ত প্রয়োজন পূরণে তাঁর অনুগ্রহপূর্ণ যোগানের জন্য।

**দিন ০২:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলোর উপর তাঁর আশীর্বাদের জন্য।

**দিন ০৩:** আমাদের মূল ও শাখা গির্জার সদস্যদের জন্য ২৬শে জানুয়ারী মহাবলীপুরমে অনুষ্ঠিত জোশুয়া ওয়ারিয়র্স বিশেষ পুরুষ সভার উপর তাঁর আশীর্বাদের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**এপ্রিল ০৪:** বিশ্বব্যাপী অস্থিরতা ও যুদ্ধভীতির সময়ে বিশেষ করে সকল জাতির উপর ঈশ্বরীয় সুরক্ষা; শান্তি ও স্থিতিশীলতার জন্য প্রার্থনা।

**দিন৫:** সকলের আশীর্বাদ ও মঙ্গলের জন্য আমাদের সেবাকর্মগুলির সর্বতোভাবে সম্প্রসারণ।

**দিন ৬:** পৃথিবীতে তাঁর রাজ্য প্রতিষ্ঠার জন্য যেন ঈশ্বর আমাদের আরও বহু দর্শন ও পরিকল্পনা দান করেন।

**দিন ৭:** রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং বিশ্বজুড়ে সকল সরকারি কর্তৃপক্ষ তাঁদের জাতিকে নেতৃত্ব দেওয়ার সময় জ্ঞান ও ঈশ্বরীয় দিকনির্দেশনা লাভ করুন।

**দিন ৮:** আমাদের সমর্থক, শুভানুধ্যায়ী ও বন্ধুদের জন্য আশীর্বাদ ও শক্তি,যারা তাঁদের প্রার্থনা ও আর্থিক সহযোগিতার মাধ্যমে আমাদের সেবাকর্মকে ধরে রাখেন।

**দিন ৯:** ভাইরাল জ্বর ও নতুনভাবে উদ্ভুত সংক্রামক রোগ থেকে সকল মানুষের সুরক্ষা।

**দিন ১০:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে সেন্ট পল'স ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন শিক্ষার্থীদের সফল ভর্তি।

**দিন ১১:** বিশ্বব্যাপী যুবক ও শিশুদের জন্য — যেন তারা যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তা হিসেবে গ্রহণ করে।

**দিন ১২:** প্রতিটি জাতিতে, পরিকল্পনার সব ক্ষেত্র ও দিকসমূহে ঐক্য, অগ্রগতি ও শান্তি প্রতিষ্ঠিত হোক।

**দিন ১৩:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণা বর্ষিত হোক।

**দিন ১৪:** আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজের এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে নিরাপত্তা ও সুরক্ষার জন্য।

**দিন ১৫:** ২০২৬ - ২০২৭ শিক্ষাবর্ষে আমাদের আবাসিক ও সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজসমূহে যোগ্য শিক্ষার্থীদের ভর্তি।

**দিন ১৬:** আমাদের পরিচর্যার সকল আর্থিক প্রয়োজন পূরণ হোক।

**দিন ১৭:** বৈশ্বিক অর্থনৈতিক মন্দার অবসান এবং এতে ক্ষতিগ্রস্ত সকলের জন্য স্বস্তি।

**দিন১৮:** ঈশ্বরের অনুগ্রহ যেন পুনরায় মানুষের উপর বর্ষিত হয়, এনে দেয় সান্ত্বনা ও নবায়িত শক্তি।

# খ্রীষ্টান নেই তো বিশ্বও নেই

## উদ্ভাবকগণ:

সাইকেল = ম্যাকমিলান
বাইক = জে. ডেইলার
অটো = জোনাথন স্কোবি
গাড়ি = কার্ল বেঞ্জ
মোটর কার = অস্টিন
জিপ = ডব্লিউ. এল. জেডসন
বাস = গোল্ড ভাস
বিমান = রাইট ব্রাদার্স
রেল= রিচার্ড ট্রেভিথিক
ট্রাকটর = জন ফ্রেলিচ
জেসিবি = জোসেফ সি. ব্যামফোর্ড
ব্যাটারি = এ.ভোল্ট
বিদ্যুৎ = বেঞ্জামিন ফ্রাঙ্কলিন
বাল্ব = থমাস এ.এডিসন
ডায়নামো = এম.ফ্যারাডে
গ্যাস ইঞ্জিন = আর.ডিজেল
ওয়েল্ডার = এলিহু থমসন
রেলওয়ে = ইঞ্জিন স্টিফেন্সন
এলপিজি = গ্যাস ড. ওয়াল্টার
মাইক্রোফোন = হোরেস শর্ট
কলম = লুইস ওয়াটারম্যান
ইস্ত্রি = এইচ.ডব্লিউ.সুলি
ম্যাচ = জন ওয়াকার
ক্যামেরা = জন করবাট

ডিজিটাল = ক্যামেরা স্টিভেন
রেজর = কিংস জি. জিলেট
রাবার = সি.গুডইয়ার
রেফ্রিজারেটর জেমস হ্যারিসন, আলেকজান্ডার কিটসিন
সেফটি পিন = ওয়াল্টার হান্ট
সেলাই মেসিন = বার্থোলোমিউ থিমোনিয়ে;
লেন্স = ভেনিস (ভিনচি)
চশমা = সালভিনো ডি. আর্মাতে
টিভি = বেয়ার্ড
টেলিফোন = গ্রাহাম বেল
কম্পিউটার = চার্লস ব্যাবেজ
মোবাইল = মার্টিন কুপার
এসডি কার্ড = রোল্যান্ড মোরেনো
পেইন্টস = শালিমার
স্টিল = হেনরি বেসেমার
সিমেন্ট= জোসেফ আসপডিন
টাইলস = জার্মান মিবনারিরা
টয়লেট = থমাস ক্র্যাপার
প্যান্ট = জর্জ ব্রায়ন
শার্ট = বেয়ন্স
জিন্স প্যান্ট = জ্যাকব ডেভিস
ব্রা = মেরি টুক
ক্রিকেট = ডব্লিউ.জি.গ্রেস
ভলিবল = মর্গান উইলসন
ফুটবল = রবার্ট কেন

পেনিসিলিন = এ. ফ্লেমিং
প্লাস্টিক = সার্জারি আর্চিবাল্ড
হেপাটাইটিস = এম/পোলিও জোনাস সাল্ক
গুটি বসন্ত = এডওয়ার্ড জেনার
একস্-রে = উইলহেল্ম রণ্টজেন
ইনসুলিন ফ্রেডরিক ব্যান্টিং, চার্লস এইচ.বেস্ট
কুইনাইন = পিয়েরা জোসেফ
হার্ট স্টেণ্ট = জুলিও পালমাজ
প্লাস্টার পল = বেয়ারডর্ফ
অ্যানেস্থেটিক = উইলিয়াম মর্টন
অ্যানথ্রাকস্ = লুই পাস্তুর
অ্যান্টিসেপটিক = জোসেফ লিস্টার
কৃত্রিম হৃৎপিণ্ড = ডেনটন কুলে
কৃত্রিম নিতম্ব = জন চানলি
স্কিন = জন এফ.লোঅ্যানিস
জন্মনিয়ন্ত্রণ বড়ি = গ্রেগরি পিনকাস
রক্ত সঞ্চালন = থমাস ব্লাণ্ডেল
কন্টাক্ট লেন্স = অ্যাডলফ ফিক
কাশির ড্রপ = জেমস স্মিথ
সিরিঞ্জ = কলিন মারডক

যারা বলে খ্রীষ্টধর্ম পৃথিবীর জন্য কিছুই করেনি,সেই সব সম্প্রদায়ের জবাবে এই পোস্ট করা হলো। সকলেরই বোঝা উচিত কে করেছে আর কে করেনি।

খ্রীষ্টের শক্তি একজন মানুষের মধ্যে এবং সমগ্র বিশ্বে তা দেখার জন্য সবার চোখ উন্মুক্ত হোক।

*************

নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদুর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),
ঈশতত্ত্বে ডিপ্লোমা & Bachelor of Theology

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 56 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

| | | |
|---|---|---|
| 1. | Prayer Service | : 24 hours |
| 2. | **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikaans. | |
| 3. | **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi) | |
| 4. | Theological Correspondence Courses: English & Tamil | |
| 5. | Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery) | |
| 6. | Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery | |
| 7. | Great Commission Partners (Network of Pastors) | |
| 8. | Training Programmes – Seminars & Retreats | |
| 9. | Crusades | |
| 10. | Literature Distribution and Follow Up | |
| 11. | Gospel Printing Press | - Publications |
| 12. | St. Paul's Matriculation School - Village English High School | |
| 13. | Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday | |
| **14.** | **Early Morning Service** | **: 5.30 a.m. Sunday** |
| **15.** | **Preliminary Service** | **: 8.00 a.m. Sunday** |
| **16.** | **Tamil Service** | **: 8.30 a.m. Sunday** |
| **17.** | **Youth Meeting** | **: 11.00 a.m. Sunday** |
| **18.** | **Fellowship Lunch** | **: 1.00 p.m. Sunday** |
| **19.** | **Telugu Service** | **: 4.00 p.m. Sunday** |
| **20.** | **Hindi Service** | **: 5.00 p.m. Sunday** |
| **21.** | **Tamil & English Service** | **: 6.00 p.m. Sunday** |
| 22. | Feedback Time | : 7.30 p.m. Sunday |
| 23. | Women's Prayer | : 5.30 p.m. Wednesday |
| 24. | Hindi Prayer | : 7.00 p.m. Wednesday |
| 25. | Men's Prayer | : 7.30 p.m. Friday |
| 26. | Discipleship Meeting | : 6.00 p.m. Saturday |
| 27. | House Meetings | : 6.30 p.m. Tuesday & Thursday |
| 28. | Special Holy Communion | : 6.00 a.m. 1st day of each month |
| 29. | Ministers' Meeting | : 5.30 p.m. First Saturday |
| 30. | Parents' Prayer | : 4.00 p.m. First Sunday |
| 31. | Night Prayer | : 9.30 p.m. Third Friday |
| 32. | Fasting Prayer | : 9:30 a.m. Second Saturday |
| 33. | Holy Communion | : Second Sunday Service |
| 34. | Youth / Kid Prayer | : 10.00 p.m. daily (over phone) |
| 35. | Staff Devotion | : 9.00 a.m. daily |
| 36. | Office | : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays) |

**কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য**

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কেনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্বতাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, **Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

বিনামূল্যে মাসিক পত্রিকা

## আহ্বানের প্রতিধ্বনি


লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## যারা তাঁর উপর নির্ভর করেন, ঈশ্বরের অনুগ্রহ তাদের ঘিরে রাখেন!

**"...কিন্তু সদাপ্রভুর অবিচল প্রেম সেই ব্যক্তিকে ঘিরে রাখে যে তাঁর উপর নির্ভর করে" (গীত ৩২:১০)।**

শৈশব থেকেই আমি যে বিভিন্ন ভালো-মন্দ অভিজ্ঞতার সম্মুখীন হয়েছি, তা আমাকে ক্রমাগত মনে করিয়ে দিয়েছে যে সর্বশক্তিমান ঈশ্বর আমার সাথে ছিলেন এবং তিনি আমার জীবনে মহৎ কিছু পূর্ণ করার জন্য আমাকে প্রস্তুত করছিলেন।

ঈশ্বরের জন্য আমি যে সুসমাচার প্রচারের কাজ করছিলাম, তার সমর্থন ও সাহায্য করার জন্য আমি অনেক মানুষের কাছে গিয়েছিলাম, কিন্তু কেউ আমার সাথে যোগ দিতে রাজি হয়নি। তবুও, ঈশ্বরের অনুগ্রহ আমাকে সামনের দিকে এগিয়ে যেতে উৎসাহিত করেছিল। যদিও যীশু খ্রীষ্ট সম্পর্কে আমার পর্যাপ্ত জ্ঞান বা প্রচারের কোনো বড় অভিজ্ঞতা ছিল না, তবুও এই পৃথিবীর বোঝা বহনকারী মানুষদের সাহায্য করার জন্য আমার মনে গভীর আকাঙ্খা ছিল।

অনেক কষ্টের পর, আমি ৭৫০ টাকা দিয়ে অ্যাকর্ডিয়ান নামের একটি বাদ্যযন্ত্র কিনতে সক্ষম হই। সেই যন্ত্রটি বাজিয়ে এবং আমার জানা অল্প কয়েকটি গান গেয়ে আমি চেন্নাইয়ের চিপকের দরিদ্র এলাকাগুলোতে যেতাম। আশ্চর্যের বিষয় হলো, এই সেই জায়গা যেখানে আজ আমাদের প্রধান গির্জা এবং অফিস অবস্থিত। দিনের বেলা একটি সরকারি অফিসে কাজ করার পাশাপাশি আমি চিপকে রাস্তার মোড়ে মোড়ে প্রচার করতাম। আমার সহকর্মীরা অবাক হয়ে আমার দিকে তাকাতেন এবং প্রায়ই আমি যে সত্য প্রচার করতাম তা শোনার জন্য এগিয়ে আসতেন।

আরও আশ্চর্যজনকভাবে, এমন সময়ও ছিল যখন আমি রাস্তায় প্রচার করতাম, তখন বাড়ির ভেতরে শুয়ে থাকা অসুস্থ মানুষরা সুস্থ হয়ে উঠতেন এবং আমার পাশে এসে দাঁড়াতেন। কখনও কখনও আমার পাশে দাঁড়িয়ে থাকা অবস্থায় তারা জ্ঞান হারিয়ে ফেলতেন, এবং যারা এটি প্রত্যক্ষ করত তারা ভয়ে এদিক-ওদিক পালিয়ে যেত। আমিও স্তম্ভিত হয়ে গিয়েছিলাম। আমার এখনও মনে আছে কীভাবে তারা (যারা জ্ঞান হারিয়েছিল) সেই সরু গলিগুলোতে মাছের মতো সারিবদ্ধভাবে শুয়েছিল কারণ এই ধরণের সেবাকাজে আমার কোনো প্রথাগত প্রশিক্ষণ বা অভিজ্ঞতা ছিল না, এবং আমি নির্বাক হয়ে দাঁড়িয়ে থাকতাম, বুঝতে পারতাম না এরপর কী করব।

সেই মুহূর্তগুলোতে, পবিত্র আত্মা আমাকে সেই লোকেদের ওপর হাত রেখে আন্তরিক সমবেদনার সাথে প্রার্থনা করার জন্য পরিচালিত করতেন। আমি বাধ্য হয়েছিলাম, এবং যখন আমি প্রভু যীশু খ্রীষ্টের নামে প্রার্থনা করতাম, তারা সুস্থ হয়ে উঠত এবং শয়তানের বন্ধন থেকে মুক্তি পেত। এই শুরুর দিকের অভিজ্ঞতাগুলো আমাকে অনেক শক্তিশালী করেছিল এবং ঈশ্বরের প্রতি আমার ভালোবাসাকে আরও গভীর করেছিল।

আজ, অনেক বছর পর, ঈশ্বর সেই লোকেদের মধ্যে কয়েকজনকে আমাদের গির্জায় আসার সুযোগ করে দিয়েছেন। তাদের মধ্যে কয়েক জন এখন সক্রিয়ভাবে এই সেবাকাজের সাথে যুক্ত। পরবর্তীতে, প্রভু আমাকে সেই একই অঞ্চলে বড় বড় ধর্মসভা পরিচালনা করার সামর্থ্য দিয়েছিলেন, যেখানে তিনি শক্তিশালী অলৌকিক কাজ সম্পাদন করেছিলেন। এমনকি এখনও, ঈশ্বর আমাকে অনেক অসুস্থ বা পঙ্গু মানুষকে সুস্থ করতে এবং অন্ধকারের শক্তির দ্বারা দীর্ঘকাল বন্দি থাকা ব্যক্তিদের মুক্ত করতে ব্যবহার করে চলেছেন।

কয়েক বছর আগে, ঈশ্বর আমাকে চেন্নাইয়ের কাছে কাঞ্চিপুরমে অনুরূপ উন্মুক্ত সভা পরিচালনা করতে সাহায্য করেছিলেন। প্রভু আমাকে সেই পুরো এলাকায় সুসমাচার প্রচার করার শক্তি দিয়েছিলেন। তিনি আমাকে সেই ছোট ছোট জায়গাগুলোর কথা মনে করিয়ে দেন যেখানে আমি একসময় সেবাকাজ করতাম, এবং এখন তিনি আমাকে অনেক বড় পরিসরে সেবা করার সুযোগ দিচ্ছেন। তাঁর পবিত্র নামের মহিমা হোক!

*************

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)

**বিচলিত হয়ে পড়েছ। কিন্তু প্রয়োজন একটিমাত্র বিষয়ের। মরিয়ম সেই উত্তম বিষয়টিই মনোনীত করেছে, যা তার কাছ থেকে কেড়ে নেওয়া হবে না"** (লূক ১০:৪১-৪২)।

মার্থার অগ্রাধিকারগুলো সঠিক স্থানে ছিল না, আর তার ফল ছিল ক্লান্তি। প্রভু যেন আমাদের ২০২৬ সালে জ্ঞানসহকারে অগ্রাধিকার নির্ধারণ করতে সাহায্য করেন, যেন আমরা সত্যিই গুরুত্বপূর্ণ বিষয়গুলো বেছে নিয়ে অবসাদ এড়াতে পারি।

### ২। ভুল পরিচিতি!

মানসিক ও শারীরিক ক্লান্তি প্রায়শই তখন ঘটে যখন আমরা 'যা যা করি' তার সাথে 'আমরা কে' বিষয়টি গুলিয়ে ফেলি। কাজ তখন আমাদের যোগ্যতার মাপকাঠি হয়ে দাঁড়ায় এবং সেবামূলক কাজ হয়ে ওঠে আমাদের পরিমাপের মাধ্যম। আমরা আমাদের সময়সূচী পূর্ণ করি, সাফল্যের পিছু ছুটি এবং কখনও কখনও অন্যদের সাথে প্রতিযোগিতায় লিপ্ত হই। কিন্তু আমাদের মূল্য আমাদের অর্জন থেকে আসে না — এটি আসে খ্রীষ্টের কাছ থেকে।

এবং কখনও কখনও অন্যদের সাথে প্রতিযোগিতায় লিপ্ত হই। কিন্তু আমাদের মূল্য আমাদের অর্জন থেকে আসে না — এটি আসে খ্রীষ্টের কাছ থেকে।

আমাদের পরিচয় সম্পদ, মর্যাদা বা জাগতিক মানদণ্ডের মধ্যে পাওয়া যায় না। আমাদের পরিচয় কেবল খ্রীষ্টের মধ্যেই নিহিত।

**"আর আমার ঈশ্বর খ্রীষ্ট যীশুতে স্থিত তাঁর গৌরবময় ধন অনুযায়ী তোমাদের সব প্রয়োজন পূর্ণরূপে মিটিয়ে দেবেন"** (ফিলিপীয় ৪:১৯)।

কাজ গুরুত্বপূর্ণ, কিন্তু তা যেন কখনও ঈশ্বরের সাথে আমাদের সহভাগিতার বিনিময়ে না হয়। কোনো অবস্থাতেই মণ্ডলী বা খ্রীষ্টিয় সহভাগিতাকে অবহেলা করবেন না।

**মোশি এই শিক্ষাটি কঠিন অভিজ্ঞতার মাধ্যমে শিখেছিলেন। নেতৃত্বের চাপে অভিভূত হয়ে তিনি একাই সব বোঝা বইবার চেষ্টা করেছিলেন যতক্ষণ না তাঁর শ্বশুর যিথ্রো তাঁকে দায়িত্ব ভাগ করে দেওয়ার পরামর্শ দিয়েছিলেন** (যাত্রাপুস্তক ১৮)। দায়িত্ব অর্পণ করা এবং প্রশিক্ষণ দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের সব কাজ একাই করার জন্য ডাকা হয়নি।

প্রিয় বন্ধুরা, ঈশ্বর আমাদের সেই দৌড়ের জন্য অনুগ্রহ দান করেন যা তিনি আমাদের দৌড়াতে বলেছেন। আপনি যদি ক্লান্ত বা বিপর্যস্ত বোধ করেন, তবে নিজেকে প্রশ্ন করুন: "এটি কি এমন কিছু যা ঈশ্বর আমাকে বহন করতে বলেছেন?" মানসিক ক্লান্তি বা অবসাদ প্রায়শই সেই সব বোঝা বহন করার কারণে আসে যা ঈশ্বর আমাদের বইতে বলেননি, বিশেষ করে একা বহন করার ক্ষেত্রে।

## ৩। ভুল সম্প্রদায় বা সংযোগ

ঈশ্বর কখনও চাননি যে আমরা বিচ্ছিন্নভাবে বসবাস করি। শুরু থেকেই তিনি আমাদের সহভাগিতার জন্য সৃষ্টি করেছেন, তাঁর সাথে এবং একে অপরের সাথে। যখন এই সংযোগ হারিয়ে যায়, তখন এটি উদ্বেগ, বিষণ্ণতা এবং গভীর মানসিক কষ্টের কারণ হতে পারে। সঠিক সময়ে, সঠিক জায়গায় এবং সঠিক মানুষের থেকে বিচ্ছিন্ন থাকার ফলেই প্রায়শই এই মানসিক অবসাদ ঘটে।

**লোট সদোম নগরে বাস করার সিদ্ধান্ত নিয়েছিলেন কারণ সেই ভূমি উর্বর ও সমৃদ্ধ বলে মনে হয়েছিল** (আদি ১৩:১০)। তিনি যা খেয়াল করতে ব্যর্থ হয়েছিলেন তা হলো সেখানকার মানুষের দুষ্টতা (১৩ পদ)। একটি ভুল সম্প্রদায় বেছে নেওয়ার কারণে তাঁকে ভয়াবহ পরিণতির সম্মুখীন হতে হয়েছিল— ক্ষতি, হৃদয়ভঙ্গ এবং ভেঙে যাওয়া সম্পর্ক।

একা চলবেন না। আপনার মণ্ডলী বা চার্চ পরিবারের সাথে যুক্ত থাকুন। এমন সম্পর্ক গড়ে তুলুন যা আপনার বিশ্বাসকে শক্তিশালী করে। ঈশ্বরকে নিয়ে কথা বলুন, পরচর্চা পরনিন্দা বা খোশগল্প করবেন না।

**মানসিক অবসাদ কি পাপ?**

ক্লান্ত হওয়া বা বিপর্যস্ত বোধ করা কোনো পাপ নয়। এমনকি এলিয়ও, এক মহৎ বিজয়ের পর ক্লান্ত হয়ে চিৎকার করে বলেছিলেন:

**"... হে সদাপ্রভু, যথেষ্ট হয়েছে..."** (১ রাজা ১৯:৪)। ঈশ্বর এলিয়কে নিন্দা করেননি - তিনি তাকে সান্ত্বনা দিয়েছিলেন, খাইয়েছিলেন এবং বিশ্রাম নিতে দিয়েছিলেন।

ঈশ্বর আজও আমাদের একই কথা বলেন:

**"হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোক সকল, আমার কাছে এসো, আমি তোমাদের বিশ্রাম দেব"** (মথি ১১:২৮)।

তাঁর চরণে বসুন। তাঁর উপস্থিতিতে বিশ্রাম নিন। তিনি আপনার শক্তি নতুন করে দেবেন।

বিশ্রাম নিয়ে ঈশ্বরের প্রতিজ্ঞা: **"আমার উপস্থিতি তোমার সাথেই যাবে, এবং আমি তোমাকে বিশ্রাম দেব"** (যাত্রা ৩৩:১৪)।

যীশু খ্রীষ্ট সত্যিকারের বিশ্রামের প্রতিশ্রুতি দেন: **"...আমার কাছে এসো...কারণ আমার জোয়াল সহজ ও আমার বোঝা হালকা"** (মথি ১১:২৮-৩০)।

পিতর আমাদের মনে করিয়ে দেন:

**"তোমাদের সমস্ত দুশ্চিন্তার ভার তাঁরই উপরে ফেলে দাও, কারণ তিনি তোমাদের জন্য চিন্তা করেন"** (১ পিতর ৫:৭)। আমি 'ফেলে দাও' শব্দটি খুব পছন্দ করি, কারণ এর অর্থ হচ্ছে ছুঁড়ে ফেলা - নিজে নিজে বহন করা বন্ধ করা। আর যীশু খ্রীষ্ট আবার প্রেমের সঙ্গে আমাদের আমন্ত্রণ করেন:

**"... তোমরা আমার সঙ্গে কোনো নির্জন স্থানে চল ও সেখানেই কিছু সময় বিশ্রাম করো"** (মার্ক ৬:৩১)।

যীশু খ্রীষ্ট, শান্তির রাজকুমার, এই পৃথিবীতে এসেছিলেন, ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন এবং পুনরায় জীবিত হয়ে উঠেছিলেন যাতে আমরা শান্তিতে বাস করতে পারি এবং তাঁর বিশ্রাম উপভোগ করতে পারি। কেন আজই তাঁকে বিশ্বাস করবেন না?

## একটি সমাপনী অনুস্মারক

**যীশুর মতো এমন বন্ধু কে আছেন**
**যিনি আমাদের সমস্ত পাপ ও দুঃখ বহন করেন!**
**প্রার্থনায় সবকিছু যীশুর কাছে নিয়ে যাওয়া**
**আমাদের কত বড় সুযোগ!**
**হায়, আমরা প্রায়ই কত শান্তি হারিয়ে ফেলি,**
**হায়, কত অপ্রয়োজনীয় কষ্ট আমরা ভোগ করি,**
**শুধুমাত্র সবকিছু প্রার্থনায় ঈশ্বরের কাছে**
**নিয়ে না যাওয়ার কারণে!**



**"...আমার উপস্থিতি তোমার সাথেই যাবে, এবং আমি তোমাকে বিশ্রাম দেব"** (যাত্রা ৩৩:১৪)। ঈশ্বরের উপস্থিতিকে আপনার আগে আগে যেতে দিন— যাতে তিনি আপনাকে বিশ্রাম দিতে পারেন।

যীশুর ওপর বিশ্বাস রাখুন। সবকিছু ঈশ্বরের কাছে নিয়ে যান। তাঁর সাথে কথা বলুন। তিনি যে বিশ্রামটি বিনামূল্যে দিচ্ছেন, তা গ্রহণ করুন।

**"...আমার উপস্থিতি তোমার সাথেই যাবে, এবং আমি তোমাকে বিশ্রাম দেব"** (যাত্রা ৩৩:১৪)।

আপনাকে বিশ্রাম দিতে ঈশ্বরের উপস্থিতিকে আপনার আগে আগে যেতে দিন।

**যীশুর ওপর বিশ্বাস রাখুন।**
**সবকিছু ঈশ্বরের কাছে নিয়ে যান।**
**তাঁর সাথে কথা বলুন।**
**তিনি যে বিশ্রাম বিনামূল্যে দিচ্ছেন, তা গ্রহণ করুন।**

*************

## বিজ্ঞপ্তি

আমাদের মোবাইল নম্বর আপনার মোবাইলে সেভ সেভ করে রাখুন
(+91) 98410 71858,
(+91) 98412 71858 — সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

## OUR QR CODE:

ECHO OF HIS CALL

Scan to pay with any UPI app

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি,
মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস,
ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :


## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA.
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org


**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**


RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 14th MARCH 2026
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766


*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**